

বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।  
Website: [www.bsc.gov.bd](http://www.bsc.gov.bd)

নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০১.২২

তারিখ: ২৯-০৩-২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরে (Bulk Carrier ও Oil & Chemical Tanker) নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্রঃ<br>নং | পদের নাম                                  | পদ<br>সংখ্যা | বয়স                | বেতনস্কেল<br>(বিএসসির বেতনস্কেল-<br>২০১৫ অনুযায়ী)               | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|------------|---|--------------|---------------------|--|--|
| ০১.        | ডেক ক্যাডেট                               | ০৬           | অনুর্ধ্ব<br>৩০ বৎসর | টঃ ১৫৬০০-১৬৩৮০-<br>১৭২০০-১৮০৬০-<br>১৮৯৭০-১৯৯২০-<br>২০৯২০-২১৯৭০/- | মেরিন একাডেমীর সার্টিফিকেট<br>(নেটিক্যাল) অথবা সমমানের<br>সার্টিফিকেট।           |
| ০২.        | ইঞ্জিন ক্যাডেট/<br>ক্যাডেট<br>ইঞ্জিনিয়ার | ০৬           | অনুর্ধ্ব<br>৩০ বৎসর | টঃ ১৫৬০০-১৬৩৮০-<br>১৭২০০-১৮০৬০-<br>১৮৯৭০-১৯৯২০-<br>২০৯২০-২১৯৭০/- | মেরিন একাডেমীর সার্টিফিকেট<br>(ক্যাডেট ইঞ্জিনিয়ার) অথবা<br>সমমানের সার্টিফিকেট। |

২। এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে। সে লক্ষ্যে <http://job.bsc.gov.bd> এই ওয়েবসাইটে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন এবং একই ওয়েবসাইটের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে টাকা ৩০০ (তিনশত) মাত্র টাকা ফি জমা প্রদান করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

- অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ৩১-০৩-২০২২খ্রি.
- অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ১৩-০৪-২০২২খ্রি.

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র জমাদান এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৩। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://job.bsc.gov.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৪। বাংলাদেশ শিপিং কর্পোরেশনের নিয়োগ পরীক্ষা, ২০২২ এর বিজ্ঞপ্তি, অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলী, এসএমএস এর মাধ্যমে পরীক্ষায় ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট <http://job.bsc.gov.bd> এবং [www.bsc.gov.bd](http://www.bsc.gov.bd) এ পাওয়া যাবে।

৫। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই নিম্নলিখিত সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; (খ) সিডিসি'র কপি; (গ) মেরিন একাডেমীর সনদ; (ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (চ) জাতীয় পরিচয়পত্র (এনআইডি);

৬। আগামী ১৩-০৪-২০২২খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। সাক্ষাৎকার গ্রহণের সময় সকল ধরনের সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। কোন প্রকান টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কর্তৃপক্ষ সরকারী বিধি- বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। আবেদনপত্র গ্রহণ , বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক /সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি/প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস থাকতে হবে।

১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। বাংলাদেশী পতাকাবাহী জাহাজে ক্যাডেট নিয়োগের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সতর্কীকরণ: নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পক্ষের সাথে কোন ধরনের যোগাযোগ এবং আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তৎক্ষণিক প্রার্থীর আবেদন পত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।

**ক্যাপ্টেন আমীর মোঃ আবু সুফিয়ান**

মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল)

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

ও

সদস্য-সচিব, নিয়োগ কমিটি

বিএসসি ভবন, পোঃ বক্স নং-৬৪১,

সল্টগোলা রোড, চট্টগ্রাম।